ঢাকা ওয়াসা

(১) দাশেরকান্দি পয়ঃশোধনাগার এর আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
(২) দাশেরকান্দি পয়ঃশোধনাগারে ব্যবহারের জন্য প্রয়োজনীয় Chemicals (cPAM, PAC, NaOH, Activated Carbon, Carbon resource) এর অনুমোদিত Specification।
(৩) দাশেরকান্দি পয়ঃশোধনাগারে ব্যবহারের জন্য প্রয়োজনীয় Chemicals (cPAM, PAC, NaOH, Activated Carbon, Carbon resource) এর অনুমোদিত দর।
(৪) PWD Rate Schedule-2022.
(৫) প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ "Procurement of Chemical (Sodium Hydroxide (NaOH)) for Dasherkandi STP (Lot-4)" সরবরাহ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং-০১ হতে ০৫ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩ইং তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়শোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারের আওতায় ১টি Sludge Management Unit রয়েছে। তন্মধ্যে ১টি Sludge Thickening & Dewatering System ও ১টি Sludge Drying Incineration Plant (SDIP)। বিদ্যমান Sludge Drying Incineration Plant (SDIP) এর মাধ্যমে Sludge Thickening & Dewatering System হতে আগত ৭৮% পানিযুক্ত Sludge পোড়ানো হয়। Incineration এর ফলে উৎপন্ন Flue gas, purification করে Air -এ ছেড়ে দেয়া হয়। উক্ত Flue gas এর P^H value নিয়ন্ত্রণের জন্য NaOH ব্যবহার করা হয়। বর্তমানে প্রতিদিন প্রায় ৪-৫টন NaOH এর প্রয়োজন হয়। যা Incineration-এর পরিমাণের উপর নির্ভর করে। ইতোমধ্যে ২টি ঠিকাদারী প্রতিষ্ঠানের সহিত নিয়ম অনুযায়ী চুক্তির মাধ্যমে NaOH সরবরাহ চলমান রয়েছে। আশা করা যায় আগামী ৩-৩.৫ মাস সরবরাহ অব্যাহত থাকবে। SDIP'র Operation কার্যক্রম নিরবিচ্ছিন্ন ও চলমান রাখার লক্ষ্যে বর্তমানে NaOH ক্রয় প্রক্রিয়ার কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। সেলক্ষ্যে আলোচ্য পয়ঃশোধনাগারের আওতায় Process Chemicals (cPAM, PAC, NaOH, Activated Carbon, Carbon resource) ইত্যাদির অনুমোদিত Specification ও দরসহ PWD Rate Schedule-2022 অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-২, ৩, ৪ ও ৫ দ্রঃ)। প্রাক্কলিত মোট ব্যয় ১,৮২,৩০,০০০.০০ (এক কোটি বিরাশি লক্ষ ত্রিশ হাজার টাকা) মাত্র। উল্লেখ্য, আলোচ্য ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রাপ্ত রাজস্ব বাজেটের Chemical (01-03-001) খাত হতে এবং অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ৩৪ হতে নির্বাহ করা হবে।

০৩। আলোচ্য "Procurement of Chemical (Sodium Hydroxide (NaOH)) for Dasherkandi STP (Lot-4)" কাজটি CPTU প্রনীত Standard Tender Document (STD) e-PG3 অনুসরণে e-GP তে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) এ দরপত্র আহবানের মাধ্যমে সম্পূর্ণ করা হবে। দরপত্র দলিলের e-TDS অংশের ITT1.1 এ procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার, ঢাকা ওয়াসা দায়িত্ব পালন করবেন এবং উক্ত ক্রয়কারী কর্তৃক দরপত্র আহবান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন, কার্য সম্পাদন নোটিশ জারী ইত্যাদি সকল কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া, দরপত্র দলিলের e-TDS অংশের ITT15.1 (a) এ সরবরাহকারীর যোগ্যতা হিসেবে সার্বিক ক্রয় কাজের অভিজ্ঞতা (General Supply Experience) ৫ (পাচঁ) বৎসর এবং ITT15.1 (b) এ সমপ্রকৃতির কাজের অভিজ্ঞতা (Similar Experience) সর্বশেষ ৩ (তিন) বৎসরে ২টি কাজে প্রতিটি নূন্যতম ১৩০.০০ লক্ষ করে ২৬০.০০ লক্ষ টাকা ধরা যেতে পারে অথবা সর্বশেষ ৩ (তিন) বৎসরে যে কোন একটি কাজে নূন্যতম ১৫০.০০ লক্ষ টাকা রাখা যেতে পারে। সরবরাহকারীর Financial Solvency হিসেবে ১৫০.০০ লক্ষ টাকা উল্লেখ করা যেতে পারে। উল্লেখ্য, প্রয়োজনবোধে PE অফিস কর্তৃক Bidding Criteria পরিবর্তন, পরিমার্জন ও সংযোজন করা যেতে পারে।

Hossain

০৪। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Sludge Drying Incineration Plant (SDIP) এর Operation কার্যক্রম সুষ্ঠু ও নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার লক্ষ্যে Incineration এর ফলে উৎপন্ন Flue Gas এর P^H value নিয়ন্ত্রণের জন্য NaOH ক্রয়ের নিমিত্তে "Procurement of Chemical (Sodium Hydroxide (NaOH)) for Dasherkandi STP (Lot-4)" শীর্ষক কাজটি e-GP প্রক্রিয়ায় PPR-2008 এর ধারা ৬১ অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) -এ CPTU'র Standard Tender Document (STD) এর e-PG3 অনুসরনে সম্পাদনের নিমিত্তে মোট ১,৮২,৩০,০০০.০০ (এক কোটি বিরাশি লক্ষ ত্রিশ হাজার টাকা) মাত্র'র আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

06.05.2025
মোঃ ইমাম হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

06.05.2025
মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

06/05/2025
মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

SE(WESTPE)

06/05/2025
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃশোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

07/05/2025
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

DMD (O&M)

OFFICE OF THE MANAGING DIRECTOR DHAKA WASA

ডাং- 06/05/2025

৫/ অনু-৪ এর প্রস্তাবমতে অনুমোদন দেয়া যেতে পারে।

7/5/2025
(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

DMD (O&M)

M.D.

মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।